

নং-৪৬.৪২.৮৮০০.০০০.১৪.০৬৫.১৫.

তারিখ: ০৬ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ
০৬ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থ বছরে সিরাজগঞ্জ জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।


সূত্রঃ সিরাজগঞ্জ জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-জেপসি/১৮৫, তারিখঃ ২৯/৫/২০১৭।

২০১৬-২০১৭ অর্থ বছরে সিরাজগঞ্জ জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ১,৫০,০০,০০০/- (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকায় গৃহীত সংযুক্ত তালিকায় বর্ণিত ৬৯টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহঃ

- ১) ৫.০০ লক্ষ টাকা এবং ৫.০০ লক্ষ টাকা উর্ধ্বের প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, সিরাজগঞ্জ কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে ;
- ২) পিপিআর ২০০৮ এর এ সংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্প/প্রকল্পসমূহ বাস্তবায়ন করে মন্ত্রণালয়কে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ৩) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে ;
- ৪) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;
- ৫) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর জনসাধারণের অবগতির জন্য প্রকল্পস্থানে জেলা পরিষদ সিরাজগঞ্জ এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত কথাটি লিখে ফলক লাগাতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(জুবাইদা নাসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, সিরাজগঞ্জ।

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, সিরাজগঞ্জ।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।